



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১৪০.৪৮.০১৯.২১. ৯৯৫

তারিখঃ ০৪/০৮/২০২২খ্রি.।

তালিকাভুক্ত দরপত্রদাতা প্রতিষ্ঠানের তালিকা সংরক্ষনের জন্য নবায়ন ফি জমাদানের বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র দপ্তরে সীমিত দরপত্র (LTM) পদ্ধতির আওতায় ভৌত কাজ বাস্তবায়নের লক্ষ্যে তালিকাভুক্ত দরপত্রদাতা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ গত ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হয়। তৎপ্রেক্ষিতে PPR-2008 এর বিধি-৫২ অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরের নবায়ন ফি জমাদানের মেয়াদ আগামী ০৭/০৮/২০২২ খ্রি. তারিখ হতে ২৫/০৮/২০২২ খ্রি তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। সে মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছরের নবায়ন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৫% হারে ৩০০/- টাকা মূল্য সংযোজন করসহ সর্বমোট ২,৩০০/- (দুই হাজার তিনশত মাত্র) টাকা সর্বশেষ আগামী ২৫/০৮/২০২২ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত হিসাব ও অর্থ বিভাগে (কক্ষ নং- ৪১৯) জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ

- ১) হালনাগাদ ট্রেড লাইসেন্স, IT এবং Vat-সহ প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি তালিকা সংরক্ষনের আবেদনের সাথে জমা দিতে হবে।
- ২) হালনাগাদ সংরক্ষিত দরপত্রদাতাগণ খাদ্য অধিদপ্তরধীন আঞ্চলিক কার্যালয় হতে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর আওতায় দরপত্রেও অংশগ্রহণ করতে পারবে।
- ৩) তালিকাভুক্তি নবায়নের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।


(মোঃ মুসলিম উদ্দিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী


ই-মেইল se.mu@dgfood.gov.bd

তারিখঃ ০৪/০৮/২০২২ খ্রি.।

স্মারক নং ১৩.০১.০০০০.১৪০.৪৮.০১৯.২১.৯৯৫

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল),
- ৫। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা; [বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
- ৭। নোটিশ বোর্ড, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৮। মাস্টার কপি;
- ৯। অফিস কপি।


04.08.2022

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।